



ভর্তি বিজ্ঞপ্তি

MSS (Taught/Mixed Mode) in Archaeology
Department of Archaeology, Comilla University, Bangladesh.

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত প্রত্নতত্ত্ব বিভাগ কর্তৃক ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য MSS Program (Taught/Mixed Mode) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তির আবেদন ফরম নির্ধারিত আবেদন ফি (১০০০/-) প্রদানপূর্বক ১১/০৫/২০২৬ থেকে ১৪/০৬/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ হতে ৪.০০টা) বিভাগ হতে সংগ্রহ করা ও জমা দেয়া যাবে।

ভর্তির যোগ্যতাঃ

- দেশ/বিদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রত্নতত্ত্ব/ইতিহাস/নৃ-বিজ্ঞান/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ/ইতিহাস ও সভ্যতা/ফোকলোর/ভূগোল/পরিবেশ বিজ্ঞান/ স্থাপত্য/সংস্কৃত/ শিল্পকলা অনুষদভূক্ত (অরিয়েন্টাল আর্ট, সিরামিক, ভাস্কর্য, কারুশিল্প (ক্রাফট), শিল্পকলার ইতিহাস) বিষয়সমূহ বিষয়ে ৩/৪ বছর মেয়াদী অনার্স ডিগ্রী থাকতে হবে।
- Taught Mode- এ ভর্তির জন্য ন্যূনতম জিপিএ ২.২৫ (৪.০০ এর মধ্যে) এবং Mixed Mode- এ ভর্তির জন্য ন্যূনতম জিপিএ ৩.৫০ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।

গুরুত্বপূর্ণ তথ্যাদি:

- আবেদন ফি: ১০০০/- (এক হাজার টাকা)
- ভর্তি পরীক্ষা (লিখিত বা মৌখিক): ১৮/০৬/২০২৬
- ফলাফল প্রকাশ: ২১/০৬/২০২৬
- নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির তারিখ: ২৩/০৬/২০২৬-২৬/০৬/২০২৬
- কোর্সের মেয়াদ:
MSS Taught Mode: ১ বছর (২ সেমিস্টার)
MSS Mixed Mode: ১.৫ বছর (৩ সেমিস্টার নির্ধারিত)
- ভর্তি ফি: বিশ্ববিদ্যালয় নির্ধারিত ভর্তি ফি এবং বিভাগীয় ফি।

বিঃদ্র: (ক) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ডিগ্রী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিভাগ কর্তৃক প্রদত্ত মাস্টার্স প্রোগ্রামে নির্দিষ্ট ফরমে আবেদন পূর্বক অস্থায়ীভাবে ভর্তি করা যেতে পারে। পরবর্তীতে তাদের ফলাফল প্রকাশের পর যারা পরীক্ষায় উত্তীর্ণ হবে তাদের ভর্তি নিশ্চিত করা হবে। তবে শিক্ষার্থীদের উপস্থিতি তাদের ক্লাস শুরু হওয়ার তারিখ থেকে গণনা করা হবে। যে সকল শিক্ষার্থী তাদের ০৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনের পর ০২ (দুই) শিক্ষাবর্ষের মধ্যে ভর্তি হননি তারা নির্দিষ্ট মাস্টার্স প্রোগ্রামে সরাসরি ভর্তির জন্য যোগ্য নন। তবে, বিভাগ কর্তৃক পরিচালিত ভর্তি এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরে তিনি ভর্তি হতে পারবেন।

(খ) কুমিল্লা বিশ্ববিদ্যালয় ব্যতীত স্নাতকোত্তর শিক্ষার্থী হিসেবে ভর্তির জন্য আসন সংখ্যা বিভাগের একাডেমিক কমিটি নির্ধারণ করবেন।

Uddin

অধ্যাপক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন

সভাপতি

হায়ার স্টাডি কমিটি (Higher Study Committee)

প্রত্নতত্ত্ব বিভাগ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়